গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২৯.২২.(বিমা-০১/২০২২)- ৪২৩-৩/৩ তারিখ: ২১ ফাল্গুন ১৪৩২ / ০৪ মার্চ ২০২৬

**অফিস আদেশ**

যেহেতু জনাব মুহাম্মদ খায়রুল আলম, উপজেলা সমবায় কর্মকর্তা, দশমিনা, পটুয়াখালী প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা মদন, নেত্রকোনা এর বিরুদ্ধে যথাক্রমে ০৯ (নয়) টি অভিযোগ হলো: (১) জানুয়ারি ২০২০ মাসের বিভাগীয় মাসিক সমন্বয় সভায় অনুপস্থিতির জন্য কারণ দর্শানো হলে জবাব দাখিল করেন নি; (২) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত ভার্চুয়াল সভায় অনুপস্থিতির জন্য কারণ দর্শানো হলেও জবাব দাখিল করেন নি, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; (৩) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত, আদেশ অমান্য, কর্তব্য কাজে চরম অবহেলা ও অদক্ষতার জন্য কারণ দর্শানো হলেও জবাব দাখিল করেন নি; (৪) বিগত ২১.১০.২০২১ তারিখে উপনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ উপজেলা সমবায় কার্যালয়,মদন, নেত্রকোনা আকস্মিক পরিদর্শনকালে কর্মস্থলে অনুপস্থিতির কারণ দর্শানো হলেও জবাব দাখিল করেন নি; (৫) উপজেলা সমবায় কর্মকর্তা মদন, নেত্রকোনা হতে দশমিনা, পটুয়াখালী বদলি করা হলে জেলা সমবায় কার্যালয়, নেত্রকোনা হতে বিগত ২৯.০৬.২০২২ তারিখে তাঁকে অব্যহতি প্রদান করলেও তিনি দায়িত্বভার হস্তান্তর না করে বিগত ২৭.০৬.২০২২ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; (৬) ১৫.১১.২০২০ হতে ১৯.১১.২০২০ তারিখ পর্যন্ত ০৫ দিন ব্যাপী "রিফ্রেসার্স" প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ না করায় তাঁকে কারণ দর্শানো হলেও জবাব দাখিল করেন নি; (৭) "স্মার্ট বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) লিখন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা" এ অংশগ্রহণ না করায় কারণ দর্শানো হলেও জবাব দাখিল করেন নি; (৮) উপজেলা নির্বাহী কর্মকর্তা, মদন, নেত্রকোনা বিগত ২৭.১২.২০২১ তারিখে আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সভায় অনুপস্থিতির জন্য ক্ষোভ প্রকাশ করেন ফলে সমবায় বিভাগের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে; (৯) উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) উপবিধি মতে অসদাচারণের শামিল। বর্ণিত ০৯টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বরঃ ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২৯.২০২২জি (বিমা-০১/২০২২)-৭৬১(৫)-এ/ও, তারিখঃ ২৫.০৮.২০২২ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে ০১/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু তিনি জনাব মুহাম্মদ খায়রুল আলম লিখিত জবাব দাখিল করেন নি। তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুসারে যে কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না সে মর্মে ১৬.০৫.২০২৪ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি ১০.০৬.২০২৪ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেন;

০৩। যেহেতু তাঁর ২য় কারণ দর্শানো নোটিশ ও অভিযোগ বিবরণীর উপর ১২.০৩.২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তাঁর জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নম্বর: ৮৮৮(৫)-এ/ও, তারিখ: ০১.০৬.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৪। যেহেতু তদন্ত প্রতিবেদনে ০২ নং অভিযোগটি আংশিক প্রমাণিত হয় এবং বাকি ০৮ টি অভিযোগসমূহ প্রমাণিত হয়;

০৫। যেহেতু স্মারক নম্বর: ১৭৯১(৫), তারিখ: ২৮.১২.২০২৫ মূলে তাঁকে পুনরায় কারণ দর্শানো হয়। তৎপ্রেক্ষিতে তিনি ২৫.০১.২০২৬ তারিখে পুনরায় কারণ দর্শানোর জবাব দাখিল করেন। পুনরায় কারণ দর্শানোর নোটিশের উপর দাখিলকৃত জবাবের প্রেক্ষিতে ১৭.০২.২০২৬ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৬। যেহেতু তাঁর জবাব ও শুনানি সন্তোষজনক নয়, অসদাচরণের অভিযোগ প্রমাণিত;

০৭। যেহেতু তিনি শুনানিকালে নি:শর্ত ক্ষমা প্রার্থনা করেছেন এবং ন্যায় বিচার চেয়েছেন, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে অসদাচরণের পর্যায়ভুক্ত এবং তা লঘু প্রকৃতির গণ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(খ) বিধি অনুসরণে সর্বনিম্ন লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু জনাব মুহাম্মদ খায়রুল আলম, উপজেলা সমবায় কর্মকর্তা, দশমিনা, পটুয়াখালী প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা মদন, নেত্রকোনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) উপবিধিতে বর্ণিত 'তিরস্কার' দন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৪/৩/২০২৬

(মোঃ ইসমাইল হোসেন)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২৯.২২(বিমা-০১/২০২২)- ৪১৬/২(২০)-৩/৩ তারিখ: ২১ ফাল্গুন ১৪৩২ / ০৪ মার্চ ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।

২. যুগ্মনিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,বরিশাল/ময়মনসিংহ।

৩. জেলা সমবায় অফিসার, পটুয়াখালী/নেত্রকোনা।

৪. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৫. উপজেলা সমবায় অফিসার, দশমিনা,পটুয়াখালী/ মদন, নেত্রকোনা।

৬. জনাব মুহাম্মদ খায়রুল আলম, উপজেলা সমবায় কর্মকর্তা, দশমিনা, পটুয়াখালী প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা মদন, নেত্রকোনা।

৭. সংশ্লিষ্ট নথি।

০৪/৩/২০২৬
(মোঃ ইসমাইল হোসেন)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫